# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩০ আগস্ট, ২০০৩ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড |
| সভাপতি | ঃ | কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | উইং কমান্ডার এম আল-আমীন তালুকদার<br>প্রতিনিধি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | মেজর মোঃ আব্দুর রশিদ আকন্দ<br>এসএইচও<br>প্রতিনিধি<br>কমান্ড্যান্ট, এস ই এম ও<br>সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৬) | জনাব মোঃ মশিউর রহমান<br>ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি। | -- | সদস্য |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি ভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

স্তাব নং-১ ঃ গত ৩০ জুলাই, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

হীত সিদ্ধান্ত ঃ গত ৩০ জুলাই, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

স্তাব নং-২ ঃ জুলাই, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

হীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

স্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জুলাই, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

হীত সিদ্ধান্ত ঃ জুলাই, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-৪ ঃ বর্তমান আইন উপদেষ্টার নিয়োগকাল ০১ জুলাই, ২০০৩ তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০০৩ তারিখ পর্যন্ত বর্ধিতকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট মহোদয় কর্তৃক অনুমোদিত ৩০ জুন, ২০০৩ তারিখের মিনিটশীট ঘটনোত্তর অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ ৫৭ (সাতান্ন) বছর বয়স পূর্তির পর হতে চাকরির মেয়াদকাল আরো ০৩(তিন) বছর বর্ধিতকরণের ব্যাপারে জনাব মুহাম্মদ আব্দুল বারী, প্রধান শিক্ষক, সেনাপল্লী হাইস্কুল, ঢাকা সেনানিবাস এর ২২ জুলাই, ২০০৩ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। আবেদনপত্রখানা সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জনাব মুহাম্মদ আব্দুল বারী, প্রধান শিক্ষক, সেনাপল্লী হাইস্কুল, ঢাকা সেনানিবাস এর আবেদনের উপর বিস্তারিত আলোচনান্তে চাকরির মেয়াদকাল আরো ০২(দুই) বছর বর্ধিতকরণের বিষয়টি নীতিগতভাবে অনুমোদন করা হলো। সরকারী বিধি মোতাবেক চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবনাটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৬ ঃ শহীদ সরণির পার্শ্বে ০১(এক)টি মরা রেইনট্রি (কড়াই) গাছ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রির উদ্দেশ্যে ১৪ আগস্ট, ২০০৩ তারিখ নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ০৪(চার) জন ডাককারী অংশ গ্রহণ করেন। ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে জনাব এ এম তাহের ভূইয়া, ১১২০ ইব্রাহিমপুর, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো। বর্ণিত গাছের এমআরপি নির্ধারণ করা হয়েছিল ৪,১২৮/- (চার হাজার একশত আটাশ) টাকা। উল্লেখ্য যে, দরটি সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় রোপণের জন্য ৪,৫০০টি গ্ল্যাডিওলাস ফুলের চারা সরবরাহের জন্য ১৮ আগস্ট, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হয়। উক্ত তারিখে ০৪(চার)টি ফার্ম দরপত্র দাখিল করে। তন্মধ্যে মেসার্স তাহের এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরপত্রটি সর্বনিম্ন হয়। উক্ত দরপত্রটি অনুমোদনের জন্য সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দর অনুমোদন করা হলো। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় নিয়মিতভাবে ঘাস কাটার জন্য ২টি পেট্রোল চালিত ঘাস কাটার মেশিন (জাপানের তৈরী) ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৬ আগস্ট, ২০০৩ তারিখে ৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স আমিন ব্রাদার্স, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত প্রতিটি মেশিন'২৫,০০০/- (পচিশ হাজার) টাকা হিসেবে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ২টি পেট্রোল চালিত ঘাস কাটার মেশিন (জাপানের তৈরী) ক্রয়ের নিমিত্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দর অনুমোদন করা হলো। উক্ত ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৪ নং প্লটে অতিরিক্ত হিসাবে ভোগ দখলকৃত জমি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রনে আনা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বাড়ীর মালিক কর্তৃক রীট পিটিশন নং-৫০০২/২০০৩ দায়ের করা হয়। উক্ত মামলাটি ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে মাননীয় হাই কোর্টে প্রতিদ্বন্দ্বিতা করার ব্যাপারে সিনিয়র আইনজীবী জনাব খন্দকার মাহবুব উদ্দিন আহমেদকে নিয়োগের বিষয়টি ঘটনোত্তর অনুমোদনকরণ। এব্যাপারে ০৬ আগষ্ট, ২০০৩ তারিখের কার্যবৃত্তপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭৪ নং প্লটের দক্ষিণ পার্শ্বে উক্ত প্লটের মালিক মিসেস শামীমা এ খান কর্তৃক অতিরিক্ত হিসেবে ১০৬০ বঃফুঃ (কম/বেশী) জমি দখলে ছিল। উক্ত জমি ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হলে সংশ্লিষ্ট প্লটের মালিক কর্তৃক রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলাটি ক্যান্টনমেন্ট বোর্ডের পক্ষে মাননীয় হাইকোর্টে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সিনিয়র আইনজীবী জনাব খন্দকার মাহবুব উদ্দিন আহমেদকে নিয়োগের ব্যাপারে ঘটনোত্তর অনুমোদন করা হলো। এ ব্যাপারে চূড়ান্ত অনুমোদনের জন্য পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র লিখার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ আর্থিক সালের ১০২৭টি রিক্সা প্লেট তৈরী ও লেখার জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ৩১ জুলাই, ২০০৩ তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে সাইদ এন্টারপ্রাইজ, ৩৭/১ বানিয়া নগর, সূত্রাপুর, ঢাকা কর্তৃক সর্বনিম্ন দর প্রদান করায় উক্ত দর মোট ৩৫,৯৪৫/- (পঁয়ত্রিশ হাজার নয়শত পয়তাল্লিশ) টাকা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ১০২৭ টি রিক্সা প্লেট তৈরী ও লেখার জন্য মেসার্স সাইদ এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর ৩৫,৯৪৫/- (পয়ত্রিশ হাজার নয়শত পয়তাল্লিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১১ ঃ অত্র দপ্তরের অফিস ক্যান্টিনটি ইজারার ব্যাপারে গত ৩০ জুলাই, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১২ নং সিদ্বান্ত মোতাবেক স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করলে ০৭ (সাত) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ শাহ আলম, ৫৫/এ মাটিকাটা, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত মাসিক ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকার দর সর্বোচ্চ হয়। এছাড়া অত্র দপ্তরের অফিস ক্যান্টিনটি ইজারার ব্যাপারে উক্ত ক্যান্টিনের বর্তমান ইজারা গ্রহীতা তার ২৩ আগস্ট, ২০০৩ তারিখের আবেদনে উল্লেখ করেন যে, অফিস ভবন নির্মাণ কাজের জন্য ক্যান্টিনটি প্রায় ০৫(পাঁচ) মাস বন্ধ থাকে। উক্ত সময় তিনি গাছের নীচে ছাপড়া তৈরী করে ক্যান্টিন পরিচালনা করেছেন এবং তার আর্থিক ক্ষতিসহ অনেক টাকা বকেয়া পাওনা রয়েছে। তৎপ্রেক্ষিতে ক্যান্টিনটির ইজারা আরো ০১(এক) বছরের জন্য নবায়নের আবেদন করেছেন। উল্লেখ্য যে, প্রাপ্ত দরপত্রে তিনি দ্বিতীয় সর্বোচ্চ মাসিক ৪,০০০/- (চার হাজার) টাকার দর দাখিল করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস ক্যান্টিনটি বর্তমান ইজারাদার জনাব মোঃ আব্দুল হাকিম কর্তৃক পরিচালনা করা হচ্ছে। ইজারাদার তার আবেদনে উল্লেখ করেছেন যে, ক্যান্টিনটির স্থানে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ভবন নির্মাণ করার কারণে প্রায় ০৫(পাঁচ) মাস বন্ধ থাকে। এছাড়া উক্ত ইজারাদার অন্যত্র ছাপড়া তৈরী করে ব্যবসা পরিচালনা করার কারণে আর্থিক ক্ষতির সম্মুখীন হয় এবং অনেক টাকা বকেয়া রয়েছে মর্মে তার আবেদনে উল্লেখ করে। সংশ্লিষ্ট ইজারাদারের আর্থিক ক্ষতি বিবেচনা করে উক্ত ক্যান্টিনটি বর্তমান ইজারাদার জনাব মোঃ আব্দুল হাকিম কর্তৃক মাসিক সর্বোচ্চ ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকায় নিতে ইচ্ছুক থাকলে লিখিত সম্মতি গ্রহণ সাপেক্ষে তার ইজারা মেয়াদ ০১(এক) বছর নবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। তৎপ্রেক্ষিতে জনাব মোঃ শাহ আলম ৫৫/এ, মাটিকাটা, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক ১৩ আগস্ট, ২০০৩ তারিখে প্রদত্ত মাসিক সর্বোচ্চ দর ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকা অনুমোদন করা গেল না।

প্রস্তাব নং-১২ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত মুসলিম মডার্ণ একাডেমীর ক্যান্টিনটি ৩০ জুলাই, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং- ১৩ এর সিদ্ধান্তক্রমে ০৪ আগস্ট, ২০০৩ তারিখে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে হলে নির্ধারিত ১২ আগস্ট, ২০০৩ তারিখে কোন দরপত্র পাওয়া যায় নি। উক্ত ক্যান্টিনটির ইজারা নবায়নের ব্যাপারে জনাব মোঃ খালেদ রশিদ, পিতা- মরহুম ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ, ৩২ ডিওএইচএস বনানী, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক স্টেশন কমান্ডার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসকে সম্বোধন করে ১১ আগস্ট, ২০০৩ তারিখে একখানা আবেদনপত্র পেশ করা হলে তা স্টেশন সদর দপ্তরের ১১ আগস্ট, ২০০৩ তারিখের ৬১৯/৪/এ নং পত্রের মাধ্যমে অত্র দপ্তরে প্রেরণ করা হয়। এ প্রসংগে উল্লেখ্য যে, মরহুম ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ উক্ত বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ছিলেন। এছাড়াও তিনি বিদ্যালয়টির জন্য ০৪১/২ (সাড়ে চার) শতাংশ জমি দান করেছিলেন। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট ক্যান্টিনটির ইজারা মেয়াদ নবায়নের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনান্তে জানা যায় যে, উক্ত ক্যান্টিনটির মালিক জনাব মোঃ খালেদ রশিদ এর পিতা মরহুম ফ্ল্যাঃ লেঃ এ বি এম এ রশিদ কর্তৃক বিদ্যালয়ের জন্য জমি দান করেছিলেন এবং তিনি উক্ত বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ছিলেন। ক্যান্টিনটির জন্য ১২ আগস্ট, ২০০৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে কোন দরপত্র পাওয়া যায়নি। তৎপ্রেক্ষিতে বর্তমান ক্যান্টিনের মালিক জনাব মোঃ খালেদ রশিদের ১১ আগস্ট, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে বর্তমান মাসিক ভাড়া ৫০০/- (পাঁচশত) টাকা হতে ১,০০০/- (এক হাজার) টাকায় উন্নীত করে উক্ত ক্যান্টিন পুনরায় ০১(এক) বছরের জন্য ইজারা মেয়াদ নবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১৩ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ০২ (দুই)টি টয়লেট ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্তে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ৩০ জুলাই, ২০০৩ তারিখে ০৪ (চার) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ আজাদ রহমান খান, সিবি-২৪৩, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক সর্বোচচ দর ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা প্রদান করায় উক্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। উল্লেখ্য যে, পূর্বে উক্ত টয়লেট ২টি ০২(দুই) বছরের জন্য ৪,৪৮,০০০/- টাকায় ইজারা দেয়া হয়েছিল।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০২(দুই)টি টয়লেট ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্তে জনাব মোঃ আজাদ রহমান খান, সিবি-২৪৩, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক প্রদত্ত সর্বোচ্চ দর ৩,২০,০০০/- (তিন লক্ষ বিশ হাজার) টাকা অনুমোদন করা হলো এবং ইজারাদার কর্তৃক টয়লেট ব্যবহারকারীদের নিকট হতে নিম্নবর্ণিত হারে ফি আদায় করার অনুমতি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) প্রতিবার প্রশ্রাবের জন্য ঃ ০.৫০ (পঞ্চাশ পয়সা) টাকা

(২) প্রতিবার পায়খানার জন্য ঃ ১.০০ (এক) টাকা

(৩) প্রতিবার গোছলের জন্য ঃ ২.০০(দুই) টাকা।

প্রস্তাবনাটি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৪ ঃ প্রকৌশল শাখার একজন পিয়ন জনাব মোঃ আব্দুস সামাদ অবসর গ্রহণ করায় নতুন লোক নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টার রোলে একজন পিয়ন নিয়োজিত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হয়। আলোচনান্তে নতুন লোক নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টাররোলে দৈনিক ৮০/- (আশি) টাকা মজুরিতে একজন পিয়ন নিয়োজিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণি ও শহীদ বাশার রোডের ফুটপাত ও গাছের গোড়া চুনাকরণ। | ৩৫,৮২৮/-টাকা | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে। |
| ২। | শহীদ সরণিস্থ আর্মি এমপি ইউনিটের সম্মুখে এমইএস কতৃক কর্তনকৃত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | ৪৬,২৭২/- ।। | -ঐ- |
| ৩। | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে স্বাধীনতা চত্বরের উত্তর-পশ্চিম কর্ণারে হার্ডস্ট্যান্ড নির্মাণ। | ২,৫২,১৭৬/-।। | -ঐ- |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ উপ-কেন্দ্রের বৈদ্যুতিক পুরাতন ক্যাবল বদল করে নতুন ক্যাবল স্থাপন। | ১,০৪,৭২৫/-।। | -ঐ- |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেটের 'এ' ব্লক হতে 'সি' ব্লক পর্যন্ত ওভার হেড লাইনের পুরাতন তার বদলকরণ। | ১,৭৬,৬৮০/-।। | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৬

ব নং-১৬ ঃ সেনাসদরের সম্মুখে তিনটি ট্রাফিক পোস্ট এবং বিএএফ গার্ডরুম এর নিকটবর্তী ম্যূরাল-এ রিফ্লেক্টিভ হানিকম্ব স্টীকার স্থাপন (প্রয়োজনীয় শীটসহ) কাজের ৪৯,০৭২/- (উনপঞ্চাশ হাজার বাহাত্তর) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ। এ ব্যাপারে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস এবং বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের পত্রদু'টি উপস্থাপন করা হলো।

ত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হয়। আলোচনান্তে কাজটি রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলানপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

াব নং-১৭ ঃ বনানী ডিওএইচএস এলাকাস্থ ৭৫ নং প্লটে বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (পেট্রো বাংলার একটি কোম্পানী) তাদের লিয়াজো অফিসে ১৩০ ফুট উচ্চতা বিশিষ্ট টাওয়ার স্থাপনের ব্যাপারে ০৬ আগস্ট, ২০০৩ তারিখে আবেদন করেন। সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হলো।

াত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের জন্য পত্র লেখার সিদ্ধান্ত গৃহীত হলো।

াব নং-১৮ ঃ বকেয়া অতিরিক্ত বিদ্যুৎ বিল বাবদ ১,২৭,০৫১/৩৪ টাকা জিই (আর্মি), মিরপুর সেনানিবাসকে প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ বিষয়ে জিই (আর্মি), মিরপুর সেনানিবাস এর ০৫ আগস্ট, ২০০৩ তারিখের ৫০০৯/এ/২০০১-২০০২/৪৬/ই-৫ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

াত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হয়। আলোচনান্তে বিস্তারিত ব্যাখ্যা করে জিই (আর্মি), মিরপুরকে পত্র লেখা হোক।

াব নং-১৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে ৮ (আট) বছর পূর্বে স্থাপিত ৮০০ এম্পিয়ার ৪১৫ ভোল্টস এলটি সার্কিট ব্রেকার ২৫ আগস্ট, ২০০৩ তারিখে হঠাৎ জ্বলে যাওয়ায় তা জরুরী ভিত্তিতে জিইসি কোম্পানী কর্তৃক ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ে স্থাপন করে বিদ্যুৎ সচল রাখা হয়েছে। বিষয়টি ঘটনোত্তর অনুমোদনের নিমিত্তে আলোচনা ও সিদ্ধান্ত।

ীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হয়। আলোচনান্তে বিষয়োক্ত কাজের জন্য ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা ব্যয়ের ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো। উক্ত ব্যয় রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করা যেতে পারে।

্তাব নং-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

ীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য কাজের তালিকার উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগত মা যাচাই-বাছাই করে নিম্নেবর্ণিত ২০(বিশ) টি কাজের জামানত ফেরৎ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| মিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের স্টাফ কোয়ার্টার সম্প্রসারণ কাজ। | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |

| ক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ২। | শহীদ সরণি, পুরাতন লগ এরিয়ার সামনে (বর্তমান এমপি ইউনিট অফিস), আজিজ পল্লীর সম্মুখে, শিখা অনির্বাণ ও সেনাভবনের সম্মুখের ড্রেন ও রাস্তা কার্পেটিং ও সীলকোটকরণ। | মেসার্স ইমেল এন্টারপ্রাইজ |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬৪/এ নং বিল্ডিং এর নীচতলা মেরামত ও রংকরণ। | মেসার্স খান ট্রেডার্স |
| ৪। | রজনীগন্ধা সুপার মার্কেটের সজি বাজারের ভিতরে ও বাহিরে রং-চুনাসহ আনুষঙ্গিক কাজ। | মেসার্স মহি এন্ড ব্রাদার্স |
| ৫। | হাজী মহসিন ক্রসিং যানবাহন সংকেত ম্যানুয়েল সিস্টেম চালুকরণ। | মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ |
| ৬। | শহীদ রমিজ উদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষের বাসস্থানের পানি, বিদ্যুৎ, গ্যাস ও স্যানিটারী লাইন মেরামত কাজ। | মেসার্স আমিন ব্রাদার্স |
| ৭। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬০ নং বাড়ীর নীচতলা ও উপর তলার জন্য ফেরোসিমেন্ট এর পানির ট্যাঙ্ক দ্বারা রিজার্ভার তৈরীকরণ। | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস |
| ৮। | বারিধারা (জোয়ার সাহারা) ডিওএইচএস এলাকায় ডেসা কর্তৃক নতুন স্থাপিত পোলে নিরাপত্তা বাতি স্থাপন। | মেসার্স জি এম ট্রেডার্স |
| ৯। | বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদের পুকুরের পাড়ে ওয়াকওয়ের নিরাপত্তা বাতি স্থাপন। | সনিকা ইন্টারন্যাশনাল প্রাঃ লিঃ |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২টি পানির পাম্পের জন্য ৬০ হর্স পাওয়ার স্টার ডেল্টা ভার্টিক্যাল হলোস্যাপ্ট বৈদ্যুতিক মটর (সিমেন্স/পাকিস্তান) ও স্টার ডেল্টা ১০০ হর্স পাওয়ার স্টার্টার (জার্মানের তৈরী) সরবরাহকরণ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| ১১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং সড়কের ড্রেন মেরামতসহ কালভার্ট নিমার্ণ। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| ১২। | শহীদ সরণির গেইটের বাইরে প্রবেশ পথে এবং স্বাধীনতা সরণির চৌরাস্তার পশ্চিম প্রান্তে রোড ডিভাইডার নির্মাণ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |
| ১৩। | শহীদ মঈনুল রোডের বাহির পথ হতে স্বাধীনতা চত্বর পর্যন্ত রোড ডিভাইডার নির্মাণকরণ। | মেসার্স আলম ব্রাদার্স |
| ১৪। | মহাখালী ডিওএইচএস এলাকায় লেকের দক্ষিণ পার্শ্বে ৩৪ টি লন লাইন নিরাপত্তাজনিত কারণে উঠিয়ে শহীদ মঈনুল রোডে স্থানান্তর ও তদস্থলে ১৮ টি পোল শেডসহ ৪ - ০" টিউব লাইট স্থাপন। | মেসার্স ইউনুস এন্ড ব্রাদার্স |
| ১৫। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বোর্ড রুমের বাথরুম মেরামত ও সংস্কার। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| ১৬। | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণির মঈনুল রোড হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডেসা কর্তৃক কর্তনকৃত রাস্তা (শুধুমাত্র গেইট ও ক্রস রোড) মেরামতকরণ। | মেসার্স আজিজ করপোরেশন। |
| ১৭। | ক্যান্টঃ বোর্ড আন্তঃবিদ্যালয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০০২ উপলক্ষ্যে শহীদ রমিজউদ্দিন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সংশ্লিষ্ট ভবনসমূহের মেরামত ও চুন কাজ। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| ১৮। | শহীদ সরণিস্থ এয়ার হাউসের সম্মুখে বিপদজনক পারাপার বন্ধের জন্য ফুটপাতে জিআই পাইপের রেলিং স্থাপনকরণ। | মেসার্স জিএম ট্রেডার্স |
| ১৯। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের সামনে হার্ডস্ট্যান্ড নির্মাণকরণ। | মেসার্স দি মুন এন্টারপ্রাইজ |
| ২০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৭ নং প্লটের পিছনে খালি জায়গায় ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ৪ তলায় ০৮(আট) টি ফ্ল্যাট নির্মাণ। | মেসার্স মিলন এন্টারপ্রাইজ |

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ১৩(তের) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | কর্ণেল এস এম শওকত আলী | ৪৫০/৪ | বারিধারা ডিওএইচএস | |
| ২। | মেজর জেনাঃ মঈন উদ্দিন আহম্মেদ, পিএসসি | ১০৬ | -ঐ- | |
| ৩। | ব্রিগেঃ জেনাঃ মঞ্জুর আহমেদ | ৪৫০/৭ | -ঐ- | |
| ৪। | ক্যাপ্টেন মোঃ ফজলুর রহমান, বিএন | ৫৪৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ নাজিম উদ্দিন (অবঃ) | ৩৭৪ | -ঐ- | -ঐ- |
| ৬। | লেঃ কর্ণেল মোঃ মিজানুল ইসলাম | ৪৫০/৩ | -ঐ- | -ঐ- |
| ৭। | জনাব হারুন অর রশিদ | ৩৬১ | -ঐ- | -ঐ- |
| ৮। | জনাব শাহীদ হামিদ | ১৮৮ | মহাখালী ডিওএইচএস | -ঐ- |
| ৯। | সৈয়দ মোজাম্মেল হোসেন গং | ১৯৭ | -ঐ- | -ঐ- |
| ১০। | জনাব মোঃ আমিনুল ইসলাম গং | ৭ | বনানী ডিওএইচএস | -ঐ- |
| ১১। | এডভোকেট নূর জাহান বেগম | ১৪০ (আংশিক) | লালাসরাই | |
| ১২। | জনাব মোঃ গিয়াস উদ্দিন আহমদ | ১২৩ (আংশিক) | -ঐ- | |
| ১৩। | জনাব মোঃ ফিরোজ আহাম্মদ গং | ৪২ (আংশিক) | -ঐ- | |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২২ বিবিধ(১) ঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৫/ডি-৮ নং বাসার বরাদ্দলাভকারী সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষিকা বেগম সাহিদা বেগম ১২ আগস্ট, ২০০৩ তারিখে সংশ্লিষ্ট বাসাটি সংস্কার/মেরামত করার জন্য আবেদন করেছেন। উক্ত বাসাটি সংস্কার ও মেরামতের জন্য ৩২,৯৭৪/- (বত্রিশ হাজার নয়শত চুয়াত্তর) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজটি রক্ষণাবেক্ষণ খাত হতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২২ বিবিধ(২) ঃ

আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাসের প্রধান শিক্ষক ২৬ আগস্ট, ২০০৩ তারিখে বিদ্যালয়ের উত্তর ভবন থেকে পূর্ব ভবনে চলাচলের জন্য ইটের সলিং রাস্তা তৈরী এবং জানালার গ্লাস/শীট সরবরাহের জন্য আবেদন করেছেন। উক্ত ইটের সলিং রাস্তা তৈরী ও জানালার গ্লাস/শীট সরবরাহ ও স্থাপনের জন্য ৩৯,৫২২/- (উনচল্লিশ হাজার পাঁচশত বাইশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান অনুমোদন করা হলো। কাজটি রক্ষণাবেক্ষণ খাত হতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-২২ বিবিধ(৩) ঃ

ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের এমও ফি এবং স্টাফ ফি ফান্ড হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে অপারেশন থিয়েটারের যন্ত্রপাতি ক্রয়ের জন্য চীফ মেডিক্যাল অফিসার ২৬ আগস্ট, ২০০৩ তারিখে আবেদন করেছেন। আলোচনা ও সিদ্ধান্তের জন্য পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে প্রস্তাবনাটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২২ (৪) ঃ

ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২১ নং প্লটে নির্মিত বাড়ীর এ/২ নং ফ্ল্যাটটির ক্রেতা মিসেস সুরাইয়া জালাল, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল এম শাহ জালাল (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের নিমিত্তে উক্ত বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব ২৮ জানুয়ারি, ২০০১ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ ফেব্রুয়ারি, ২০০২ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রে অনাপত্তি ছাড়পত্র পাওয়া যায়। এ ছাড়া সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে ফ্ল্যাটটি বিক্রয়/হস্তান্তরের অনুমতির ব্যাপারে অত্র দপ্তরের রাজস্ব শাখা কর্তৃক ২৮ আগস্ট, ২০০৩ তারিখে সুপারিশ করা হয়েছে। উল্লেখিত ফ্ল্যাটটি বিক্রয়/ হস্তান্তরের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং প্লটে নির্মিত বাড়ীর মালিক মির্জা আহসানুল হাবিব এর আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর এ/২ নং ফ্ল্যাটের ক্রেতা মিসেস সুরাইয়া জালাল, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল এম শাহ জালাল (অবঃ) এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৮/০৩

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

৩০/৮/০৩

(কর্নেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস